



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫



নৈতিকতা কমিটির ২য় সভা (জরুরী সভা)-এর কার্যবিবরণী

২৯ মার্চ ২০২২ ; ১৫ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ, মঙ্গলবার, বিকাল ৩:০০টা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নৈতিকতা কমিটির ২য় সভা (জরুরী সভা) কমিটির সভাপতি ও মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর সভাপতিত্বে ২৯.০৩.২০২২ তারিখ মঙ্গলবার বিকাল ৩.০০টায় উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সম্মানিত সদস্যগণ উপস্থিত ছিলেন:

- প্রফেসর ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- প্রফেসর মোস্তফা আজাদ কামাল, ট্রেজারার ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- প্রফেসর সুফিয়া বেগম, ডিন, স্কুল অব এডুকেশন ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- প্রফেসর ড. মোঃ জাহাঙ্গীর আলম, ডিন, এসএসএইচএল ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- ড. এ.এইচ.এম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, এসএসএস, ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বাউবি।

এছাড়া আমন্ত্রণক্রমে উপস্থিত ছিলেন:

- ড. মো: মেজবাহউদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত) তথ্য ও গণসংযোগ বিভাগ ও সদস্য সচিব, তথ্য অধিকার বাস্তবায়ন কমিটি।
- জনাব মো: আব্দুল্লাহ আল কাফি, যুগ্ম-পরিচালক, সাধারণ প্রশাসন ও সদস্য সচিব, সেবা প্রদান কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি।
- এম এস নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল) সদস্য সচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা কমিটি, বাউবি।
- এম এস নার্গিস আখতার, যুগ্ম-পরিচালক (অর্থ ও হিসাব বিভাগ) ও সদস্য সচিব, ইনোভেশন টিম, বাউবি।
- জনাব মো: জাহাঙ্গীর আলম, উপ-পরিচালক, সাধা: প্রশাসন ও সদস্য সচিব, অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য গঠিত কমিটি, বাউবি।

উপাচার্য মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করার জন্য সদস্য-সচিব, নৈতিকতা কমিটি এবং রেজিস্ট্রার, বাউবি-কে নির্দেশ দেন। অতঃপর রেজিস্ট্রার মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে মাননীয় সভাপতির নির্দেশক্রমে আলোচ্যসূচি বিবেচনার জন্য সভায় উপস্থাপন করেন।


আলোচনা ও সিদ্ধান্ত

সেবা প্রদান কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, তথ্য অধিকার বাস্তবায়ন কমিটি, শুদ্ধাচার কমিটি, ইনোভেশন টিম, অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির অগ্রগতি সম্পর্কে অবগত করার জন্য কমিটির সভাপতিগণকে

অনুরোধ জানানো হলে তাঁরা পর্যায়ক্রমে তাঁদের কার্যক্রমের বিশদভাবে উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- বিশ্ববিদ্যালয়টি Paperless বিশ্ববিদ্যালয় করার প্রাথমিক পদক্ষেপ হিসেবে সকল প্রজ্ঞাপন, অফিস আদেশ এবং নোটিশসমূহ প্রত্যেকের ই-মেইলে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রত্যেকে বাউবির অফিসিয়াল ই-মেইল এড্রেস ব্যবহার করার জন্য ইতোপূর্বে জ্ঞারিকৃত অফিস আদেশটি অনুসরণ করার জন্য অনুরোধ জানানোর জন্য পুনরায় অফিস আদেশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- বাউবির মাঠ-পর্যায়ের সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে আঞ্চলিক এবং উপ-আঞ্চলিক কেন্দ্র সরাসরি পরিদর্শনের মাধ্যমে মাঠ পর্যায়ের বিভিন্ন সমস্যাসমূহ চিহ্নিত করে তা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল কমিটিকে অনুরোধ জানানো হয়।
- বাউবির মূল-ক্যাম্পাস, আঞ্চলিক এবং উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহে কীভাবে সেবার মান বৃদ্ধি করা যায় সেবিষয়ে সেবা প্রদান কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সুপারিশ প্রদানের জন্য অনুরোধ করা হয়।
- প্রতিটি আঞ্চলিক কেন্দ্রে ও উপ-আঞ্চলিক কেন্দ্রে প্রাথমিক চিকিৎসার জন্য Fast Aid Box, Blood Pressure Machine রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।
- বাউবির মূল ক্যাম্পাসসহ সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান শুরু করার লক্ষ্যে প্রতি মাসের চতুর্থ সপ্তাহের সোমবার নিজ নিজ অফিস প্রাপ্তনে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনার জন্য স্কুল, পরিচালক/বিভাগীয় প্রধান, আঞ্চলিক পরিচালক, উপ-আঞ্চলিক কেন্দ্র প্রধান, দপ্তর প্রধান, শাখা প্রধানগণ নির্দেশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- বাউবির বিভিন্ন স্কুল, বিভাগ, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে প্রাপ্ত এবং নিষ্পত্তিকৃত অভিযোগ সংক্রান্ত একটি রিপোর্ট উপাচার্য বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং তা বাউবির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মহাঃ শফিকুল আলম
রেজিস্ট্রার

ও

সদস্য-সচিব, নৈতিকতা কমিটি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।



অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার
উপাচার্য

ও

সভাপতি, নৈতিকতা কমিটি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।